

নতুন ধারার দৈনিক

**আমাদেরসময়**

## জেএসসি-জেডিসি ৭ দিনে শেষ করার পরিকল্পনা

প্রকাশ | ২১ মে ২০১৮, ০০:০০ | আপডেট: ২১ মে ২০১৮, ০০:১৫



নিজস্ব প্রতিবেদক



জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র স্কুল দাখিল সার্টিফিকেট (জেডিসি) সমাপনী পরীক্ষা মাত্র সাত দিনেই শেষ করার পরিকল্পনা করছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষার্থীদের ওপর পরীক্ষার চাপ কমানো এবং পাবলিক পরীক্ষার সময় কমানোর লক্ষ্যে এ পরিকল্পনা নেওয়া হয়েছে।

এ ছাড়া জেএসসি ও জেডিসি পরীক্ষায় নম্বর এবং বিষয় কমানোর সুপারিশ করেছে শিক্ষা বোর্ডগুলো। এ বিষয়ে গতকাল রবিবার শিক্ষা মন্ত্রণালয়ে পর্যালোচনাসভা অনুষ্ঠিত হয়। এতে ইতিবাচক সাড়া দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। তবে চূড়ান্ত সিদ্ধান্ত আসবে জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটির (এনসিসিসি) বৈঠকে। আগামী ২৭ মে এনসিসিসির বৈঠক হওয়ার কথা রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের একজন জ্যেষ্ঠ কর্মকর্তা আমাদের সময়কে এ তথ্য নিশ্চিত করেছেন।

বোর্ডের সুপারিশ চূড়ান্ত হলে জেএসসিতে বাংলা প্রথম ও দ্বিতীয়পত্র মিলে ১০০ নম্বরের একটি পরীক্ষা হবে। ইংরেজিতেও দুই পত্র মিলে ১০০ নম্বরের পরীক্ষা হবে। এতে সূচি থেকে দুদিন কমবে। এ ছাড়া ১০০ নম্বরের চতুর্থ বিষয়ের পরীক্ষা এখন শিক্ষা প্রতিষ্ঠানেই ধারাবাহিকভাবে মূল্যায়ন করা হবে। বর্তমানে শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং চারু ও কারুকলার মূল্যায়ন শিক্ষা প্রতিষ্ঠানেই হয়। তবে গণিত, ধর্ম, বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের পরীক্ষা আগের মতোই অনুষ্ঠিত হবে। ফলে সাত বিষয়ে ৬৫০ নম্বরের পরীক্ষা সাত দিনে শেষ হবে।